সমকাল

তারিখ 10 FEB 2014
পৃ: 7 কলাম: 5

এসএসসি পরীক্ষা

# প্রবেশপত্র না পেয়ে ভাংচুর শিক্ষক লাঞ্ছিত

■ সমকাল প্রতিবেদক

এসএসসি ও সমমান পরীক্ষা শুরুর দিনে সারাদেশের বিভিন্ন স্থানে প্রবেশপত্র না পেয়ে বিক্ষোভ, শিক্ষা প্রতিষ্ঠান ভাংচুর ও শিক্ষকদের মারধর করার ঘটনা ঘটেছে। সারাদেশ থেকে সমকালের সংবাদকর্মীদের পাঠানো খবরে জানা গেছে, প্রবেশপত্র না পাওয়ার কারণে পরীক্ষা দিতে না পারায় টঙ্গীর পূর্ব আরিচপুর ড্যাফোডিল স্কুল অ্যান্ড কলেজ ভবন ভাংচুর ও প্রধান শিক্ষককে লাঞ্ছিত করেছেন অভিভাবকরা। ময়মনসিংহের গফরগাঁওয়ে ২৫০ পরীক্ষার্থীর কাছ থেকে কোটি টাকা নিয়ে উধাও হয়েছেন গফরগাঁও রৌহা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক। যশোরের কেশবপুরে সন্ন্যাসগাছা বালিকা দাখিল মাদ্রাসার শিক্ষার্থীরা পরীক্ষা দিতে না পেরে বিক্ষোভ করেছে। অপরদিকে গাইবান্ধার সুন্দরগঞ্জে ■ পৃষ্ঠা ১৩ : কলাম ১

## প্রবেশপত্র না পেয়ে ভাংচুর, শিক্ষক লাঞ্ছিত

[প্রথম পৃষ্ঠার পর]

প্রবেশপত্র না পাওয়ায় পৌরসভার শাহজাহান কমার্শিয়াল ইনস্টিটিউটের ১৪ শিক্ষার্থীর পরীক্ষা দেওয়া হয়নি।

সমকালের প্রতিনিধিদের পাঠানো প্রতিবেদনে সারাদেশের সর্বমোট ৩১২ জন পরীক্ষার্থীর প্রবেশপত্র না পাওয়ার খবর পাওয়া গেছে। তাদের মধ্যে মাদ্রাসা শিক্ষা বোর্ডের রয়েছে ২৮ জন।

পাশাপাশি উত্তরপত্র আগেভাগে জমা নেওয়ার অভিযোগে চকোরিয়ার চিরিঙ্গা সরকারি বালিকা বিদ্যালয় কেন্দ্র ভাংচুরসহ ৯০টি উত্তরপত্র ছিঁড়ে ফেলেছে উত্তেজিত পরীক্ষার্থীরা। তারা বিদ্যালয়ের দরজা, বেঞ্চ ও বিভিন্ন আসবাবপত্র ব্যাপকভাবে ভাংচুর করে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর তাসলিমা বেগম সমকালকে বলেন, তাদের জানামতে, ফরম পূরণ করে প্রবেশপত্র পায়নি– এমন কেউ নেই। যদি কোনো শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ার কারণে তার প্রতিষ্ঠান তাকে ফরম পূরণ না করায়, তার দায় বোর্ডের নয়। এ ছাড়া ভুয়া রেজিস্ট্রেশনের কারণেও কেউ কেউ প্রবেশপত্র না পেয়ে থাকতে পারে। এ ক্ষেত্রেও দায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ওপরই বর্তায়।

কক্সবাজারের চকরিয়ায় আগেভাবে নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তরপত্র নিয়ে নেওয়ার ঘটনা সম্পর্কে জানতে চাইলে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক আবদুল আজিজ সমকালকে বলেন, তারা এ ঘটনার লিখিত কোনো অভিযোগ পাননি। এ ছাড়া জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারও তাদের কিছু জানাননি। অভিযোগ পেলে তারা কেন্দ্র সচিবের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন।

**টঙ্গী :** টঙ্গীর পূর্ব আরিচপুর ড্যাফোডিল স্কুল অ্যান্ড কলেজ থেকে এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল তাদের। কিন্তু রোববার সকাল পর্যন্ত স্কুল কর্তৃপক্ষ তাদের প্রবেশপত্র সরবরাহ করতে পারেনি। এতে পরীক্ষার্থী ও অভিভাবকরা ক্ষুব্ধ হয়ে স্কুলের আসবাবপত্র, জানালা, গেট ভাংচুর ও বিক্ষোভ করেন। খবর পেয়ে থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ব্যাপারে জানতে স্কুলের কাউকে খুঁজে পাওয়া যায়নি। পরে বিক্ষুব্ধ ছাত্ররা স্কুলের শিক্ষক এরশাদকে লাঞ্ছিত করে।

স্কুল ও কলেজ ভবনের মালিক জানান, ৪ বছর ধরে স্কুল কর্তৃপক্ষ তার ভবন ভাড়া নিয়ে টঙ্গী পূর্ব আরিচপুরে মোরশেদ আলম এরশাদ একাডেমিক কার্যক্রম চালিয়ে আসছিলেন।

**গফরগাঁও :** ময়মনসিংহের গফরগাঁওয়ে ২৫০ এসএসসি পরীক্ষার্থীর কাছ থেকে ফরম পূরণের কথা বলে প্রায় ১ কোটি টাকা নিয়ে প্রধান শিক্ষক পালিয়েছেন। এ ঘটনায় শিক্ষার্থীরা শহরে শহরে বিক্ষোভ মিছিল করে। এক পর্যায়ে তাকে গ্রেফতারের দাবিতে থানা ঘেরাও করে। এ নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে।

প্রতি বছরের মতো এবারও রৌহা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক গফরগাঁও পৌরসভা জামায়াতের সাবেক আমির ও উপজেলা ইসলামী ছাত্রশিবিরের সাবেক সভাপতি মারুফ আহম্মেদ দেশের বিভিন্ন এলাকার ২৫০ এসএসসি পরীক্ষার্থীকে তার বিদ্যালয় থেকে পরীক্ষা দেওয়ার কথা বলে প্রত্যেকের কাছ থেকে ৩০ থেকে ৫০ হাজার টাকা করে গড়ে প্রায় ১ কোটি টাকা আদায় করেন। গফরগাঁও থানা ঘেরাওকালে ওসি আতাবুর রহমান আইনানুগ ব্যবস্থা নেওয়ার কথা বলে বিক্ষুব্ধ শিক্ষার্থীদের শান্ত করেন।

**কেশবপুর (যশোর) :** কেশবপুরের সন্ন্যাসগাছা বালিকা দাখিল মাদ্রাসার পরীক্ষার্থীরা প্রবেশপত্র না পাওয়ায় এবারের দাখিল পরীক্ষায় অংশ নিতে পারেনি। মাদ্রাসা সুপারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবিতে রোববার পরীক্ষার্থীরা বিক্ষোভ মিছিল করেছে। এ ঘটনায় ক্ষুব্ধ হয়ে অভিভাবকরা মাদ্রাসায় ব্যাপক ভাংচুর চালান। মাদ্রাসার সুপার মাওলানা আবদুল হালিম বলেন, ১৪ পরীক্ষার্থীর রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে কাগজপত্র দেওয়া হয়েছিল। কিন্তু পরে জানা যায়, রেজিস্ট্রেশন হয়নি।

**সুন্দরগঞ্জ (গাইবান্ধা) :** অবশেষে প্রবেশপত্র না পাওয়ায় উপজেলার পৌরসভার শাহজাহান কমার্শিয়াল ইনস্টিটিউটের ১৪ শিক্ষার্থীর পরীক্ষা দেওয়া হলো না। সুপারিনটেনডেন্ট শাহজাহান মিয়ার গাফিলতির কারণে ২০১৪ সালের এসএসসি ভোকেশনালের ১৪ পরীক্ষার্থী ফরম পূরণ করলেও প্রবেশপত্র না পাওয়ায় তারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারল না। এ কারণে গত শনিবার শিক্ষার্থীরা বিক্ষুব্ধ হয়ে প্রতিষ্ঠানটি ভাংচুর করে। সুপার শাহজাহান মিয়া পলাতক।

**বরগুনা :** বরগুনার বেতাগী উপজেলার চান্দখালী ইসহাক মাধ্যমিক বিদ্যালয়ের দুই ছাত্র নামের ভুলে এবারের এসএসসি পরীক্ষা দিতে পারেনি। নিবন্ধনে ভুলের কথা স্বীকার করে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুল ইসলাম জানান, তাদের আগামী বছরের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা করা হবে।

**পার্বতীপুর (দিনাজপুর) :** প্রধান শিক্ষকের গাফিলতির কারণে নিবন্ধন কার্ড ছাড়াই এসএসসি পরীক্ষা দিতে এসে বিপাকে পড়ে পার্বতীপুরের ৩০ পরীক্ষার্থী। পরে প্রশাসনের হস্তক্ষেপে এক বিষয়ের জন্য পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পায় তারা। তবে নিবন্ধন কার্ড না থাকায় পরীক্ষার্থী শনাক্ত করতে হিমশিম খেতে হয় কক্ষ পরিদর্শকদের। গতকাল রোববার উপজেলার হাজী ছানাউল্লা পরীক্ষাকেন্দ্রে সুলতানপুর আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ৩০ পরীক্ষার্থী নিবন্ধন কার্ড ছাড়াই পরীক্ষা দিতে আসে। বিষয়টি কেন্দ্র সচিব মেহেরাব হোসেনের নজরে এলে তিনি প্রশাসনসহ দিনাজপুর শিক্ষা বোর্ডকে তা অবগত করেন। পরে শিক্ষার্থীদের কথা বিবেচনা করে মোবাইল ফোনের মাধ্যমে আপাতত বাংলা প্রথম পত্র পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেন পরীক্ষা নিয়ন্ত্রক।

**গৌরীপুর (ময়মনসিংহ) :** ময়মনসিংহের গৌরীপুর উপজেলার শ্যামগঞ্জ উচ্চ বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার ফরম পূরণের নির্ধারিত ফি জমা দিলেও মেধাবী ছাত্র আ. রাজ্জাক প্রবেশপত্র না পাওয়ায় এ বছর এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি জানিয়ে অভিযোগ করে। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক ওই শিক্ষার্থীর ফরম পূরণের টাকা আত্মসাৎ করায় এ ঘটনা ঘটেছে।

**পাথরঘাটা (বরগুনা) :** এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারায় বরগুনার পাথরঘাটার হাতেমপুর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ফরিদ মিয়া আত্মহত্যার চেষ্টা করেছে। তাকে ওই স্কুলের ক্লাসরুম থেকে মুমূর্ষু অবস্থায় উদ্ধার করা হয়েছে। আত্মহত্যার চেষ্টার কারণ হিসেবে স্কুলের অফিস সহকারী ও তৎকালীন প্রধান শিক্ষককে দায়ী করে স্কুল ম্যানেজিং কমিটি দু'জনকে ২৪ ঘণ্টার মধ্যে জবাব দিতে চিঠি দিয়েছে। গতকাল রোববার সকালে এ ঘটনা ঘটে।